



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর
ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট



নথি নং-৩০.৩১.৯১০০.৫২১.০৩.০৩৯.১৯/ ২৬৬৬

তারিখ: ০৩/১১/২০২০ খ্রিঃ।

বিষয়:- বিদেশগামী যাত্রীদের COVID-19 Negative Certificate পরীক্ষা সংক্রান্ত সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি: বিমানবন্দর ব্যবস্থাপক, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট।

সভার স্থান: বিমানবন্দর সম্মেলন কক্ষ।

তারিখ: ০৩/১১/২০২০ খ্রিঃ। সময়: বিকাল ০৩.০০ ঘটিকা।

বিমানবন্দর ব্যবস্থাপক উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। উক্ত সভায় বিমানবন্দরের মাধ্যমে সম্মানিত বিদেশগামী ও বিদেশ থেকে আগত যাত্রীদের COVID-19 Negative Certificate পরীক্ষা সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনার প্রেক্ষিতে নিম্নলিখিত সিদ্ধান্ত / মতামত গৃহিত হয়-

০১। বিদেশগামী যাত্রীদের ক্ষেত্রে চলমান ব্যবস্থায় COVID-19 Negative Certificate পরীক্ষা (প্রয়োজনীয় ক্ষেত্রে) অব্যাহত থাকবে।


বাস্তবায়নে: সংশ্লিষ্ট সকল সংস্থা।

০২। COVID-19 এর “সেকেন্ড ওয়েভ” মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রীর সাম্প্রতিক নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে এই বিমানবন্দর অভিমুখী যাত্রীদের যাত্রা শুরুর ক্ষেত্রে সংশ্লিষ্ট এয়ারলাইন্স অর্থাৎ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃক COVID-19 Negative Certificate পরীক্ষাতে ভ্রমণ অনুমোদন করার জন্য প্রদক্ষেপ নেয়া হবে।

বাস্তবায়নে: স্টেশন ব্যবস্থাপক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, এই বিমানবন্দর।

০৩। COVID-19 Negative Certificate না থাকলে অথবা সার্টিফিকেট থাকার পরেও শারীরিক পরীক্ষণে COVID-19 এর লক্ষণ প্রকাশ পেলে স্বাস্থ্য বিভাগ সংশ্লিষ্ট যাত্রীর প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইনের বিষয়ে সিদ্ধান্ত প্রদান করবেন।

বাস্তবায়নে: মেডিকেল অফিসার-স্বাস্থ্য বিভাগ, ইমিগ্রেশন ও সেনাবাহিনীর প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন টিম।



মো. হাফিজ আহমেদ

বিমানবন্দর ব্যবস্থাপক

ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট।

apmsylhet@caab.gov.bd

বিতরণ: অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। সিভিল সার্জন, সিলেট।

০২। বিশেষ পুলিশ সুপার, ইমিগ্রেশন, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট।

০৩। কমান্ডিং অফিসার, বাংলাদেশ সেনাবাহিনীর প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন টিম।

০৪। স্টেশন ব্যবস্থাপক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট।

০৫। নিরাপত্তা কর্মকর্তা, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর, সিলেট।